



ভূমি আইন ও ব্যবস্থাপনা বিভাগের আনুষ্ঠানিক উদ্বোধন ও নবীনবরণ-২০১৭ অনুষ্ঠিত

৩০ এপ্রিল-২০১৭, রবিবার, সকাল ১০টায় জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ভূমি আইন ও ব্যবস্থাপনা বিভাগের আনুষ্ঠানিক উদ্বোধন ও প্রথম ব্যাচের (২০১৬-১৭ শিক্ষাবর্ষের) নবীনবরণ অনুষ্ঠান বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে অনুষ্ঠিত হয়। মাননীয় প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহার প্রধান অতিথি হিসেবে বিভাগটির শুভ উদ্বোধন করেন।

ভূমি আইন ও ব্যবস্থাপনা বিভাগের চেয়ারম্যান শ্রীষ্টিন রিচার্ডসন-এর সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান, ডেজারার অধ্যাপক মোঃ সেলিম ভূঁইয়া এবং আইন অনুষদের ডিন অধ্যাপক ড. সরকার আলী আককাস উপস্থিত ছিলেন। এসময় বিভিন্ন অনুষদের ডিন, বিভাগের চেয়ারম্যান, শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।